

৪৬.০২০.০০৪.০১.০০.১০৩৩.২০১৬-২৫৬


তারিখ : ২০/১২/১৭

বিষয় : রীট পিটিশন নং-১৪৩৭০/২০১৬, বাদী জনাব নুরজাহান বেগম, পিতা- মৃত. মোহাম্মদ উল্ল্যা ও মাতা-মৃত. মনোয়ারা বেগম, বাড়ি নং-সি-১০৭, রোড নং-১৩/এ, থানা-বনানী, জেলা-ঢাকা ও অন্যান্য-বনাম-সরকার ও অন্যান্য।

ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের আওতাধীন বনানী আবাসিক এলাকা হতে অবৈধ বানিজ্যিক প্রতিষ্ঠানের উচ্ছেদ আদেশকে চ্যালেঞ্জ করে বাদী বাংলাদেশ সরকারের সচিব, স্থানীয় সরকার বিভাগ এবং অন্যান্যদের প্রতিপক্ষ করে মহামান্য হাইকোর্ট বিভাগে ১৪৩৭০/২০১৬ নং রীট মামলাটি দায়ের করেন। বাদী কর্তৃক দাখিলকৃত রীট মামলায় মহামান্য আদালত শোকজ ইস্যু পূর্বক প্রতিপক্ষগণকে জবাব প্রদান করার জন্য নির্দেশ দিয়েছেন। এছাড়া বিজ্ঞ আদালত বাদীর বানিজ্যিক প্রতিষ্ঠান সরানোর জন্য কতিপয় শর্তে ০৬ (ছয়) মাস সময় প্রদান করেন।

২। এমতাবস্থায়, সরকারের পক্ষে জবাব দাখিলসহ মামলা প্রতিদ্বন্দ্বিতার যাবতীয় ব্যবস্থা গ্রহণপূর্বক এ বিভাগকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, নির্ধারিত সময়ের মধ্যে জবাব প্রেরণ করা না হলে মহামান্য আদালত কর্তৃক আরোপিত দায়-দায়িত্ব সংশ্লিষ্টদের উপর বর্তাবে।

সংযুক্ত : রুলের কপি।


মোহাম্মদ শফিউল আরিফ
উপসচিব
ফোন-৯৫৪০৯৯৫।

প্রধান নির্বাহী কর্মকর্তা

ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, ঢাকা।

সদয় অবগতির জন্য অনুলিপি :

- ১। মাননীয় মেয়র, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, ঢাকা।
- ২। সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। উপসচিব (সিটিকর্পোরেশন-১ শাখা), স্থানীয় সরকার বিভাগ।
- ৪। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।